

📃 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:১৮৬

💵 আরবি মূল আয়াত:

مَن يُضلِلِ اللَّهُ فَلَا هَادِيَ لَهُ ١٨٥ وَ يَذَرُهُم فِي طُغيَانِهِم يَعمَهُونَ ﴿١٨٨﴾

আল্লাহ যাকে পথভ্রস্ট করেন তার কোন হিদায়াতকারী নেই এবং তিনি তাদেরকে তাদের অবাধ্যতায় ছেড়ে দেন, তারা দিশেহারা হয়ে ঘুরে বেড়ায়। — আল-বায়ান

আল্লাহ যাকে পথভ্রম্ভ করেন তার জন্য কোন হিদায়াত নেই। তিনি তাদেরকে তাদের বিদ্রোহী ভূমিকায় বিভ্রান্ত হয়ে ঘুরপাক খেতে ছেড়ে দেন। — তাইসিরুল

যাদেরকে আল্লাহ বিপথগামী করেন, তাদের কোন পথ প্রদর্শক নেই, আর আল্লাহ তাদেরকৈ তাদেরই বিভ্রান্তির মধ্যে উদল্রান্তের ন্যায় ঘুরে বেড়াতে ছেড়ে দেন। — মুজিবুর রহমান

Whoever Allah sends astray - there is no guide for him. And He leaves them in their transgression, wandering blindly. — Sahih International

১৮৬. আল্লাহ যাদেরকে বিপথগামী করেন তাদের কোন পথপ্রদর্শক নেই। আর তিনি তাদেরকে তাদের অবাধ্যতায় উদল্রান্তের মত ঘুরে বেড়াতে দেন।(১)

(১) অন্য আয়াতে আল্লাহ্ বলেন, আর আল্লাহ্ যাকে ফিতনায় ফেলতে চান তার জন্য আল্লাহর কাছে আপনার কিছুই করার নেই। [সূরা আল-মায়েদাহ: ৪১] আরও বলেন, "বলুন, আসমানসমূহ ও যমীনে যা কিছু আছে সেগুলোর প্রতি লক্ষ্ম কর। আর যারা ঈমান আনে না, নিদর্শনাবলী ও ভীতি প্রদর্শন এমন সম্প্রদায়ের কোন কাজে আসে না।" [সূরা ইউনুস: ১০১]

তাফসীরে জাকারিয়া

(১৮৬) আল্লাহ যাকে বিপথগামী করেন তার কোন পথপ্রদর্শক নেই। আর তিনি তাদেরকে তাদের অবাধ্যতায় উদভ্রান্তের ন্যায় ঘুরে বেড়াতে ছেড়ে দেন।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন